# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০২.২৫-১২১০

তারিখ: ১৭ ভাদ্র, ১৪৩৩ / ১ সেপ্টেম্বর, ২০২৬

**বিষয়: ২০২৬ সালের আলিম পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে বিধিবহির্ভূত কর্মকান্ডের দায়ে পরীক্ষককে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান এবং বোর্ডের যাবতীয় পরীক্ষাসংক্রান্ত কার্যক্রমে আজীবন দায়িত্ব পালনে অযোগ্য ঘোষণা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের আলিম পরীক্ষার পরীক্ষক মোঃ নাসির উদ্দিন (পরীক্ষক কোড নং-২২৬১, এমপিও কোড-D-২০০১৭৩৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস), গদাইরচর আছিয়া ইসলামিয়া আলিম মাদরাসা, নুরালপুর, নরসিংদী-এর নিকট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মূল্যায়নের জন্য বরাদ্দকৃত ২৫০ (দুই শত পঞ্চাশ)টি উত্তরপত্র নিজে মূল্যায়ন করে ছাত্রদের দিয়ে উত্তরপত্রের নম্বর যোগ ও বৃত্ত ভরাট করান।

পরবর্তীতে উক্ত বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত হলে তা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়। বিষয়টি পর্যালোচনার পর আপনি জনাব মোঃ নাসির উদ্দিন সংঘটিত ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা সংক্রান্ত একটি লিখিত পত্র বোর্ডে দাখিল করেন।

পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে গোপনীয়তা, নিরপেক্ষতা, স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতা রক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একজন পরীক্ষক কর্তৃক ছাত্রদের মাধ্যমে উত্তরপত্রের নম্বর যোগ ও বৃত্ত ভরাট করানো পরীক্ষাসংক্রান্ত বিধি-বিধানের সুস্পষ্ট লঙ্ঘন। এ ধরনের কর্মকান্ড পরীক্ষার স্বচ্ছতা ও নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ করার পাশাপাশি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভাবমূর্তি ও পরীক্ষাব্যবস্থার প্রতি জনসাধারণের আস্থাকে ক্ষুণ্ন করে। যা পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন ১৯৮০ মোতাবেক চরম দায়িত্ব অবহেলায় পড়ে।

এমতাবস্থায়, পরীক্ষাসংক্রান্ত বিধি-বিধান লঙ্ঘন, দায়িত্বে গুরুতর অবহেলা এবং পরীক্ষার গোপনীয়তা ও মূল্যায়ন কার্যক্রমের স্বচ্ছতা ক্ষুণ্ন করার দায়ে আপনাকে ২০২৬ সালের আলিম পরীক্ষার পরীক্ষকের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো। একইসঙ্গে, ভবিষ্যতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে প্রশ্নপত্র প্রণয়নকারী (সেটার), মডারেটর, পরীক্ষক, প্রধান পরীক্ষকসহ যেকোনো গোপনীয়, মূল্যায়ন ও পরীক্ষাসংক্রান্ত কার্যক্রমে দায়িত্ব পালনের জন্য আপনাকে স্থায়ীভাবে অযোগ্য মর্মে বিবেচিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

**প্রফেসর মোঃ ফারুক আহম্মেদ**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd

মোঃ নাসির উদ্দিন, সহকারী অধ্যাপক,
গদাইরচর আছিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, নুরালপুর, নরসিংদী।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০২.২৫-১২১০

তারিখ: ১৭ ভাদ্র, ১৪৩৩ / ১ সেপ্টেম্বর, ২০২৬

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা;
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা;
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. অধ্যক্ষ, গদাইরচর আছিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, নরসিংদী;
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

**মোঃ আবুল খায়ের সরকার**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
ফোন: ০২২২৩৩৬৫২৪৮
E-mail: dcexam@bmeb.gov.bd

d:\mazhar\alim-২৬\পরীক্ষা কক্ষে অনিয়ম-আলিম-২৬\ছাত্রদের দিয়ে বৃত্ত ভরাট-১.docx